গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

# সংবাদ গতিধারা

### স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা-৬৫/২০২৩-২০২৪**

**ময়মনসিংহ, ২৬ নভেম্বর, রবিবার ২০২৩, ১১ অগ্রহায়ন ১৪৩০**

**আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:**

০১। জনগণ সিন্ডিকেট করলে অন্য সিন্ডিকেট পাত্তা পাবেনা- বাণিজ্যমন্ত্রী

০২। ময়মনসিংহে মাদ্রাসার উন্নয়ন প্রকল্পের ভূমিকা ও অংশীজনদের করণীয় শীর্ষ কর্মশালা অনুষ্ঠিত

০৩। ময়মনসিংহে শেখ হাসিনা বিভাগীয় নারী টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্টে চ্যাম্পিয়ন ময়মনসিংহ জেলা

০৪। এইচএসসির ফল প্রকাশ আজ

০৫। ৩০০ আসনে অনুসন্ধান কমিটি, অনিয়ম হলে তিনদিনের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশ

## ০১। জনগণ সিন্ডিকেট করলে অন্য সিন্ডিকেট পাত্তা পাবেনা- বাণিজ্যমন্ত্রী

জনগণ সিন্ডিকেট করলে অন্য কোনো সিন্ডিকেট আর পাত্তা পাবে না বলে মন্তব্য করেছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। তিনি বলেছেন, একদিন সময় আসবে যখন ভোক্তারাই প্রতিবাদ করবে। জনগণ যদি তাদের অধিকার সম্পর্কে জানে এবং সচেতন হয়, তাহলে অনেকটা সমস্যা লাঘব হয়ে যাবে। শনিবার (২৫ নভেম্বর) সকালে রাজধানীর বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনে আয়োজিত ভোক্তা অধিকার সচেতনতা বিষয়ক বিতর্ক প্রতিযোগিতার গ্র্যান্ড ফাইনাল ও পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র: দৈনিক স্বজন ও আজকের বাংলাদেশ।

## ০২। ময়মনসিংহে মাদ্রাসার উন্নয়ন প্রকল্পের ভূমিকা ও অংশীজনদের করণীয় শীর্ষ কর্মশালা অনুষ্ঠিত

শনিবার (২৫ নভেম্বর) ময়মনসিংহে মাদ্রাসা শিক্ষার গুণগতমান উন্নয়নে নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন প্রকল্পের ভূমিকা এবং অংশীজনদের করণীয় শীর্ষ বিভাগীয় কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ময়মনসিংহের জেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সিনিয়র সচিব কামাল হোসেন। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক হাবিবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় ময়মনসিংহ বিভাগের চার জেলার অতিরিক্ত জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তা ও ১৪৪টি মাদ্রাসার মাদ্রাসাপ্রধান উপস্থিত ছিলেন। সূত্র: দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক সবুজ ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

## ০৩। ময়মনসিংহে শেখ হাসিনা বিভাগীয় নারী টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্টে চ্যাম্পিয়ন ময়মনসিংহ জেলা

বাংলাদেশ মহিলা ক্রীড়া সংস্থার আয়োজনে ময়মনসিংহ বিভাগের চারটি জেলার অংশগ্রহণে দুই দিনব্যাপী শেখ হাসিনা টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২৫ নভেম্বর) বিকেলে ময়মনসিংহের সার্কিট হাউজ মাঠে বিভাগীয় খেলার ফাইনালে নেত্রকোনা জেলাকে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে ময়মনসিংহ জেলা নারী ক্রিকেট দল। ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র মোঃ ইকরামুল হক টিটু। উল্লেখ্য, ময়মনসিংহ বিভাগের ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা ও শেরপুর জেলার চারটি নারী দল এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। সূত্র: দৈনিক আজকের ময়মনসিংহ ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

## ০৪। এইচএসসির ফল প্রকাশ আজ

এইচএসসি ও সমমান পরীক্ষার ফলাফল আজ রবিবার (২৬ নভেম্বর) প্রকাশিত হবে। আন্ত:শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার বাসসকে এ তথ্য নিশ্চিত করে বলেন, রবিবার সকাল ১০টায় গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে আনুষ্ঠানিকভাবে ফলাফলের সারসংক্ষেপ তুলে দেবেন শিক্ষা বোর্ডগুলোর চেয়ারম্যানরা। শিক্ষামন্ত্রী দীপু মনি বেলা ০২টার দিকে রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে অনুষ্ঠিতব্য এক সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করবেন। স্ব স্ব শিক্ষাপ্রতিষ্ঠান ও শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইটে পড়ে একযোগে ফলাফল প্রকাশ করা হবে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের ময়মনসিংহ ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

## ০৫। ৩০০ আসনে অনুসন্ধান কমিটি, অনিয়ম হলে তিনদিনের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশ

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে সারাদেশে ৩০০টি সংসদীয় আসনে রাজনৈতিক দল বা প্রার্থীর অনিয়ম অনুসন্ধানে কমিটি গঠন করেছে নির্বাচন কমিশন (ইসি)। এসব কমিটিকে নির্বাচনপূর্ব অনিয়ম সংক্রান্ত বিষয়াদি অনুসন্ধান করে তিনদিনের মধ্যে তা প্রতিবেদন আকারে কমিশনে দাখিল করতে বলা হয়েছে। এছাড়া একই সময়ের মধ্যে অনিয়ম বিষয়ে কমিশনের করণীয় নিয়ে প্রয়োজনীয় প্রস্তাব বা সুপারিশও ইসিতে দাখিলের নির্দেশ দেয়া হয়েছে। শনিবার (২৫ নভেম্বর) পরিপত্র-৫ জারির মাধ্যমে অনুসন্ধান কমিটিকে এ নির্দেশনা দিয়েছে ইসি। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের ময়মনসিংহ ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

# সম্পাদকীয়

(ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** করোনা মহামারীর প্রভাবে দেশের যেসব প্রবাসী কর্মী দেশে ফিরে এসেছিলেন, করোনার প্রভাব কাটার পর তাদের অনেকেই বিদেশে গিয়ে আর কাজ পাচ্ছেন না। ফলে তারা আবার দেশে ফিরে আসছেন। এমন ফিরে আসা কর্মীর সংখ্যা ৩৫ শতাংশ। জরিপে দেখা গেছে, ফিরে আসা শ্রমিকদের সবাই অদক্ষ। দেশের প্রবাসী আয়ের উপর এর নেতিবাচক প্রভাব পড়ছে, যা কাটিয়ে ওঠা জরুরি। দালাল ও প্রতারকদের খপ্পর থেকে বিদেশ গমনেচ্ছুদের সুরক্ষার পাশাপাশি উপযুক্ত ও দক্ষ জনশক্তি হিসেবে তাদের গড়ে তুলতে এবং বিভিন্ন দেশে কর্মসংস্থানের সুযোগ অন্বেষণের লক্ষ্যে যথাযথ পদক্ষেপ নিতে হবে।

(খ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** ইসরাইল ও হামাসের মধ্যে যুদ্ধবিরতি চুক্তি সম্পন্ন হয়েছে। মধ্যস্থতাকারী দেশ কাতারের আশা, সাময়িক এই চুক্তি দীর্ঘ মেয়াদে যুদ্ধ বন্ধের চুক্তিতে রূপ নেবে। বিশ্ববাসী যুদ্ধ চায় না, চায় শান্তি। যুদ্ধবিরতির চুক্তিকে স্বাগত জানিয়েছে অনেক রাষ্ট্রনায়ক। ফলে, বিশ্ববাসী যুদ্ধবন্ধের শুভবার্তা পাওয়ার আশা করতেই পারে। ফিলিস্তিনিদের পুরনো ক্ষতকে রক্তাক্ত করে বিশ্বে কিভাবে শান্তি স্থাপিত হতে পারে? তাই সংঘাতের চাই স্থায়ী সমাধান। আর সেটি যে ফিলিস্তিনের স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠার মধ্যে নিহিত রয়েছে, সে কথা দশকের পর দর্শক ধরে নির্বিবাদী মানুষ উচ্চারণ করে আসছেন। বিশ্বনেতাদের এখন সে উদ্যোগ নেয়া জরুরী।

## প্রবন্ধ/নিবন্ধ

০১। দুবলার চরে রাস উৎসব- প্রকাশ ঘোষ বিধান (দৈনিক স্বজন)

০২। ভাগ্য: চেষ্টার অতিরিক্ত কিছু- রাজু আহমেদ (দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ)

০৩। রেলওয়ে আইন ও আমাদের জানার সীমাবদ্ধতা- আমিনুল ইসলাম সোহেল (দৈনিক সবুজ)

#

রিদওয়ান/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা